# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৮৯/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার, ২৯ মার্চ ২০১৮, ১৫ চৈত্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সেনাবাহিনীতে এখন ব্যবহৃত হচ্ছে সর্বাধুনিক যুদ্ধাস্ত্র ও সরঞ্জামাদি : সৈয়দপুর সেনানিবাসে রাষ্ট্রপতি

২। খুদে ফুটবলাররাই একদিন বিশ্বকাপে খেলবে
বঙ্গবন্ধু-বঙ্গমাতা গোল্ডকাপের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। নিরাপদ ও সমৃদ্ধ অঞ্চল গড়তে সন্ত্রাস নির্মূল করতে হবে : বিমসটেক ন্যাশনাল সিকিউরিটি প্রধানদের সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী

৪। রোহিঙ্গাদের ফেরত নিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখুন
আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি প্রধানমন্ত্রী

৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'মেডেল অভ্ ডিসটিংকশন'
সম্মানে ভূষিত করেছে লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল

৬। প্রধানমন্ত্রী ঠাকুরগাঁও যাচ্ছেন আজ

৭। কারাগারে থেকে স্বজনদের সঙ্গে মোবাইলে কথা বলতে পারবেন বন্দিরা
টাঙ্গাইলে পাইলট প্রকল্পের উদ্বোধন করলেন স্বরাষ্ট্রমন্ত্রী

৮। গণতন্ত্রের অতন্দ্র প্রহরী গণমাধ্যম : তথ্যমন্ত্রী

৯। প্রশ্নফাঁস ঠেকাতে কঠোর পদক্ষেপ নেওয়া হয়েছে : শিক্ষামন্ত্রী

১০। নির্মাণ শ্রমিকদের নিরাপত্তার বিষয়টি আইনের আওতায় আনা হবে : শ্রম প্রতিমন্ত্রী

১১। ইউনিয়ন পরিষদ ও পৌরসভাসহ স্থানীয় সরকারের ১৩৩টি নির্বাচন আজ

চলমান পাতা-২

**১। সেনাবাহিনীতে এখন ব্যবহৃত হচ্ছে সর্বাধুনিক যুদ্ধাস্ত্র ও সরঞ্জামাদি : সৈয়দপুর সেনানিবাসে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বাংলাদেশ সেনাবাহিনীর ফোর্সেস গোল-২০৩০ বাস্তবায়নের প্রক্রিয়া চলছে। এটি বাস্তবায়িত হলে বাংলাদেশ সেনাবাহিনী একটি পরিপূর্ণ, আধুনিক, কার্যকর ও যুগোপযোগী বাহিনীতে পরিণত হবে। ইএমই কোর বাংলাদেশ সেনাবাহিনীর একটি গুরুত্বপূর্ণ কারিগরি কোর। বিজ্ঞান ও প্রযুক্তির এ যুগে দেশের সেনাবাহিনীতে এখন ব্যবহৃত হচ্ছে সর্বাধুনিক যুদ্ধাস্ত্র ও সরঞ্জামাদি। ইএমই কোরের সদস্যদের কঠোর পরিশ্রম, অধ্যবসায় ও উন্নত প্রশিক্ষণের মাধ্যমে আধুনিক প্রযুক্তির চ্যালেঞ্জ মোকাবিলার সামর্থ্য অর্জন করতে হবে। গতকাল (২৮ মার্চ বুধবার) ইলেক্ট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স সেন্টার এন্ড স্কুল সৈয়দপুর সেনানিবাসের দুইদিনব্যাপী ইএমই কোরের কর্নেল কমান্ড্যান্ট অভিষেক অনুষ্ঠান, বার্ষিক অধিনায়ক সম্মেলন এবং পঞ্চম কোরের পুনর্মিলনী শেষ হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেব রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৪,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**২। খুদে ফুটবলাররাই একদিন বিশ্বকাপে খেলবে**
**বঙ্গবন্ধু-বঙ্গমাতা গোল্ডকাপের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ফুটবলে মেয়েরা সাফ অনূর্ধ্ব-১৫ টুর্নামেন্টে চ্যাম্পিয়ন ও ভারতে সাফ চ্যাম্পিয়নশিপে রানার্সআপ হয়েছে। তাঁর আশা, আজকের খুদে খেলোয়াড়রা আগামীতে বিশ্বকাপ খেলতে যাবে। গতকাল (২৮ মার্চ বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী এ দুই টুর্নামেন্টে চ্যাম্পিয়ন, রানার্সআপ এবং তৃতীয় স্থান অধিকারী দলের হাতে ট্রফি তুলে দেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। নিরাপদ ও সমৃদ্ধ অঞ্চল গড়তে সন্ত্রাস নির্মূল করতে হবে : বিমসটেক ন্যাশনাল সিকিউরিটি প্রধানদের সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নত সমৃদ্ধ অঞ্চল প্রতিষ্ঠায় এতদঞ্চলের সকল প্রকার সন্ত্রাস নির্মূল করার আহ্বান জানিয়ে বলেছেন, একটি নিরাপদ ও সমৃদ্ধ অঞ্চল গড়ে তুলতে সকল প্রকার সন্ত্রাস সমূলে উৎপাটন করতে হবে। গতকাল (২৮ মার্চ বুধবার) বিমসটেক রাষ্ট্রগুলোর ন্যাশনাল সিকিউরিটি চিফরা গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

**৪। রোহিঙ্গাদের ফেরত নিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখুন**
**আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্যাতনের হাত থেকে রক্ষা ও প্রাণ বাঁচাতে মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে দেশটির ওপর চাপ অব্যাহত রাখার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আবারো আহ্বান জানিয়েছেন। গতকাল (২৮ মার্চ বুধবার) বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র (ডব্লিউএইচও) ও সিইএআরও'র আঞ্চলিক পরিচালক ড. পুনম ক্ষেত্রপাল সিং প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুনম ক্ষেত্রপাল সিংকে বলেন, রোহিঙ্গা ইস্যুতে অন্যান্য সম্পদ ছাড়াও আশ্রিত রোহিঙ্গাদের ব্যবস্থাপনা ও সেবার কাজে বাংলাদেশের ২৮ হাজারের মতো লোকবল দিন-রাত কাজ করে যাচ্ছে। ক্ষেত্রপাল সিং রোহিঙ্গা সংকটে বাংলাদেশের ভূমিকার উচ্ছ্বসিত প্রশংসা করে বলেন, 'বাংলাদেশ সরকার এ ক্ষেত্রে বিশাল এক কাজ করছে।' তিনি টিকাদান ও অন্যান্য চিকিৎসা সেবায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহযোগিতারও আশ্বাস

দেন। তিনি বাস্তুচ্যুত রোহিঙ্গাদের সংখ্যাকে ভুটানের মোট জনসংখ্যারও বেশি বলে উল্লেখ করে বলেন, তাদের ব্যবস্থাপনার কাজটি একটি 'বিশাল কাজ'। সূত্র-**ইত্তেফাক (**পৃ.১৯,ক.১**), সংবাদ** (শেষ পৃ.,ক.২**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২**), ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

৫। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'মেডেল অভ্ ডিসটিংকশন'**
**সম্মানে ভূষিত করেছে লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল**

দরিদ্র, অসহায়, বিশেষকরে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠীর সেবায় অবদানের স্বীকৃতি হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'মেডেল অভ্ ডিসটিংকশন' এ ভূষিত করেছে লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনাল। সফররত লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট ড. নরেশ আগরওয়াল গতকাল (২৮ মার্চ বুধবার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর সরকারি বাসভবন গণভবনে সাক্ষাতকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এ মেডেলে ভূষিত করেন। লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট মানবিক গুণাবলী বিশেষকরে লাখ লাখ রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশে আশ্রয় প্রদানের জন্য প্রধানমন্ত্রীর ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বলেন, 'আন্তর্জাতিক সম্প্রদায় আপনার এ গুণের জন্য ইতোমধ্যে আপনাকে 'মাদার অভ্ হিউম্যানিটি' হিসেবে স্বীকৃতি দিয়েছে।' জবাবে প্রধানমন্ত্রী বলেন, 'বিপন্ন মানবতার সেবা করা আমার দায়িত্ব'। সূত্র-**ইত্তেফাক (**পৃ.১৯,ক.৩**), সংবাদ** (শেষ পৃ.,ক.৫**), ডেইলি সান** (পৃ.২ ,ক.১**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩ ক.১)।

৬। **প্রধানমন্ত্রী ঠাকুরগাঁও যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২৯ মার্চ বৃহস্পতিবার) ঠাকুরগাঁও যাচ্ছেন। বেলা সাড়ে **১১**টায় বর্ডার গার্ড বাংলাদেশ ঠাকুরগাঁও সেক্টর হেডকোয়ার্টার মাঠে হেলিকপ্টার থেকে অবতরণ করবেন প্রধানমন্ত্রী। দুপুর **১২**টায় জেলা প্রশাসন ও জেলার গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন প্রধানমন্ত্রী। এ সময় প্রধানমন্ত্রী **৩৫**টি উন্নয়ন প্রকল্প উদ্বোধন ও **৩৩**টি উন্নয়ন কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এরপর বিকেল **৩**টায় জেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভায় ভাষণ দেবেন তিনি। সূত্র-**ইত্তেফাক (**পৃ.১৯,ক.৭**), সমকাল** (পৃ.২,ক.৫**), নিউ নেশন** (পৃ. ১১, ক.৩**), অবজারভার** (পৃ.১,ক.৫)।

৭। **কারাগারে থেকে স্বজনদের সঙ্গে মোবাইলে কথা বলতে পারবেন বন্দিরা**
**টাঙ্গাইলে পাইলট প্রকল্পের উদ্বোধন করলেন স্বরাষ্ট্রমন্ত্রী**

দেশের কারা ব্যবস্থাপনা উন্নয়নের ক্ষেত্রে নতুন এক মাইলফলক সৃষ্টি হয়েছে। প্রথমবারের মতো বন্দিদেরকে পরিবারের আরও কাছাকাছি থাকতে টাঙ্গাইল জেলা কারাগারে চালু হয়েছে 'মোবাইল ফোন সেবা'। এর মাধ্যমে কারাগার থেকেই স্বজনদের সঙ্গে কথা বলার সুযোগ পাবেন বন্দিরা। গতকাল (২৮ মার্চ বুধবার) দুপুরে পাইলট প্রকল্প হিসেবে টাঙ্গাইল জেলা কারাগারে আনুষ্ঠানিকভাবে এ সেবার উদ্বোধন করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। সংক্ষেপে প্রকল্পটির নামকরণ করা হয়েছে 'স্বজন'। উদ্বোধনী দিনে কারাগারের চারজন বন্দি তাদের স্বজনদের সঙ্গে ফোনে কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রীর এটুআই কর্মসূচির আওতায় এ কার্যক্রম শুরু করা হয়েছে। পর্যায়ক্রমে দেশের সকল কারাগারে এ ব্যবস্থা চালু করা হবে।' সূত্র- **ইত্তেফাক (**পৃ.২,ক.১**), সমকাল** (পৃ.৪,ক.৫**), এশিয়ান এজ** (পৃ.৭,ক.১**), ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৮। **গণতন্ত্রের অতন্দ্র প্রহরী গণমাধ্যম : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, গণমাধ্যম ও গণতন্ত্র একই হাতের এপিঠ-ওপিঠ। গণমাধ্যম গণতন্ত্রের অতন্দ্র প্রহরী। রাষ্ট্র ও সমাজের অন্দরে নিরন্তর আলো ফেলে চলেছে গণমাধ্যম। গতকাল (২৮ মার্চ বুধবার) রাজধানীর তেজগাঁওয়ে দৈনিক আমাদের সময় কার্যালয়ে পত্রিকাটির প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

৯। **প্রশ্নফাঁস ঠেকাতে কঠোর পদক্ষেপ নেওয়া হয়েছে : শিক্ষামন্ত্রী**

এবার এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেবে **১৩** লাখ **১১** হাজার ৪৫৭ জন শিক্ষার্থী। গত বছরের তুলনায় এবার পরীক্ষার্থী বেড়েছে এক লাখ **২৭** হাজার **৭৭১** জন। আগামী **২** এপ্রিল থেকে শুরু হতে যাওয়া এ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে নানা পদক্ষেপের কথা জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে যত রকম উদ্যোগ নেওয়া প্রয়োজন তার সবই করা হয়েছে। আসন্ন পরীক্ষা নিয়ে গতকাল (২৮ মার্চ বুধবার) সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১ ক. ২), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.৫ ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ. ক.৭)।

১০। **নির্মাণ শ্রমিকদের নিরাপত্তার বিষয়টি আইনের আওতায় আনা হবে : শ্রম প্রতিমন্ত্রী**

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক বলেছেন নির্মাণশিল্পে নিরাপত্তা সর্বাগ্রে। এ শিল্পের শ্রমিকদের নিরাপত্তার বিষয়টি আইনের আওতায় আনা হবে। তিনি বলেন, শ্রমিকদের জন্য অংশগ্রহণমূলক ভবিষ্য তহবিল (পিপিএফ) গঠনের বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে। তিনি নির্মাণ শ্রমিকদের গুচ্ছ বীমায় নিয়মিত চাঁদা প্রদানের আহবান জানান। গতকাল (২৮ মার্চ বুধবার) রাজধানীতে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন সেমিনার হলে ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়ন বাংলাদেশ এর জাতীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯ ক.৬)।

১১। **ইউনিয়ন পরিষদ ও পৌরসভাসহ স্থানীয় সরকারের ১৩৩টি নির্বাচন আজ**

আজ (২৯ মার্চ বৃহস্পতিবার) দেশের বিভিন্ন স্থানে স্থানীয় সরকারের **১৩৩**টি নির্বাচন অনুষ্ঠিত হবে। সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত একটানা ভোটগ্রহণ চলবে। নির্বাচনী এলাকার ভোটারগণ যাতে নির্বিঘ্নে ভোটদান করতে পারেন সেজন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে নির্বাচন কমিশন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩), **যুগান্তর** (পৃ.১,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** নিয়মিত নিরীক্ষা না হওয়ার কারণে প্রায়ই মেয়াদোত্তীর্ণ গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ ও অগ্নি দুর্ঘটনা ঘটায় মেয়াদোত্তীর্ণ সিলিন্ডার বাতিল করাসহ সেবাপ্রদানকারী সংস্থার সেবার মান বৃদ্ধি করার পাশাপাশি ব্যবহারকারীদের সচেতন ও দায়িত্বশীল হওয়ার আহ্বান।

খ. **সংবাদ, ইন্ডিপেনডেন্ট :** 'রোহিঙ্গাদের কারণে কক্সবাজারের স্থানীয় বাসিন্দারা ২৮ রকমের মানবিক সংকটের সম্মুখীন হয়েছেন' মর্মে প্রতিবেদনের কথা উল্লেখ করে দ্রুত রোহিঙ্গা প্রত্যাবাসনের কাজ শুরু করার ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** আগামী নির্বাচনের আগে সমতা ও ন্যায্যতার ভিত্তিতে ইসি সংসদীয় আসনগুলো পুনর্বিন্যাস করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যুগান্তর :** আরচারিতে ভারতকে হারিয়ে বাংলাদেশের চ্যাম্পিয়ন হওয়ার কৃতিত্ব ও ফোবর্স ম্যাগাজিনে তরুণ উদ্যোক্তার তালিকায় দুই বাংলাদেশি তরুণ উদ্যোক্তার নাম থাকার দু'টি ঘটনা দেশের তরুণদের নানাভাবে উৎসাহ যোগাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **সমকাল, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট :** নতুন বাস্তবতায় পানিসংকট মোকাবিলায় রাজধানীসহ অন্য শহরগুলোর ভবনগুলোতে বৃষ্টির পানি ধরে রেখে ভূগর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানির ওপর চাপ কমানোর বিকল্প নেই বলে অভিমত।

চ. **ডেইলি সান :** **১৯৭১** সালের স্বাধীনতা যুদ্ধের বিরোধিতাকারী ও তাদের সহযোগীরা যাতে পুনরায় রাষ্ট্রীয় ক্ষমতায় না আসতে পারে সে ব্যাপারে কঠোর হওয়ার আহ্বান।

ছ. **ডেইলি স্টার :** যাত্রী নিরাপত্তায় বাংলাদেশ বেসামরিক বিমান পরিবহণ সংস্থাকে কোনো আপোশ না করে অর্পিত দায়িত্ব পালনে নিষ্ঠাবান হওয়ার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** বিগত ৫৮ বছরে রাজধানীর আশপাশের ৭০ শতাংশ জলাভূমি ভরাট করে দখলে চলে যাওয়ায় জলাভূমি পুনরুদ্ধার করাসহ বিদ্যমান জলাভূমি ভরাট করা সম্পূর্ণ বন্ধ করার আহ্বান।

ঝ. **নিউ নেশন :** নীলফামারির ডোমার সড়কের পাশে অবস্থিত প্রাথমিক বিদ্যালয়ের পাশের তামাক কারখানা অতিদ্রুত বন্ধের ব্যবস্থা করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশে উচ্চশিক্ষায় গুণগত মান বৃদ্ধি এবং নিয়ন্ত্রণে অ্যাক্রেডিটেশন কাউন্সিল প্রতিষ্ঠার বিল জাতীয় সংসদে পাস হওয়া এদেশের উচ্চশিক্ষা ব্যবস্থায় একটি মাইলফলক বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'জাতীয় নেতাদের প্রতি অসম্মান নয়'** শিরোনামের নিবন্ধে দেশের রাজনৈতিক সংস্কৃতিতে পারস্পরিক সম্মান, শ্রদ্ধাবোধ, জাতির বীর সেনানীদের প্রাপ্য সম্মান নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা